# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১২, ২০১৭

## ৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

### বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
### সদর দপ্তর

প্রজ্ঞাপন

তারিখ: ২০ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/০৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৪.০৩.০০০০.০১৩.৩১.০০২.১৫-১০১৫—নিম্নবর্ণিত সার্কেল অ্যাডজুট্যান্ট ও কোম্পানী কমান্ডারকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বর্তমান কর্মস্থল হতে তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি করা হলো :

| ক্রম | নাম | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | মোঃ আব্দুল আলীম | ১১ আনসার ব্যাটালিয়ন, মারিশ্যা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি | সিএ (সিএইচটি-অপস্) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা (সংযুক্ত : এস্টেট সেল, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। |

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক-০৫.১৩১.০১৯.০২.০০.০০১.২০১০-৯৭৬ তারিখ: ২৫-০৮-২০১০খ্রিঃ অনুযায়ী বদলিকৃত কর্মকর্তাকে বদলির তারিখ হতে সর্বোচ্চ ০২ (দুই) সপ্তাহের মধ্যে আবশ্যিকভাবে অব্যাহতি প্রদানের জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। অন্যথায় ১৬তম দিবসে উক্ত কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Realeased) বলে গণ্য হবেন এবং যথাসময়ে অব্যাহতি প্রদান না করার জন্য নিয়ন্ত্রণকারী কর্মকর্তা জবাবদিহি করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ ফিরোজ খান
পরিচালক (রেকর্ড)।

---

### মৎস্য অধিদপ্তর

অফিস আদেশ

তারিখ : ২১ আগস্ট ২০১৭ খ্রি.

নং ৩৩.০২.০০০০.১০২.০১.০২১.০১-৮২৫—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মৎস্য অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ এবং কর্মস্থলে নির্দেশক্রমে বদলী ও পদস্থ করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, বর্তমান পদ ও কর্মস্থল | বদলীকৃত পদ ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | জনাব মাহবুবুর রহমান খাঁন সহকারী মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। | সহকারী মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার সদর,মৌলভীবাজার এর নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ রমজান আলী
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম

ভূমি অধিগ্রহণ শাখা

১৯৮২ সনের ২নং অধ্যাদেশের আলোকে এল. এ.
মামলা নং ০৩/২০১৬-২০১৭

ফরম "ঘ"

(৫ নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[ ১১(২) ধারা মোতাবেক ]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

তফসিল

মৌজা : পশ্চিম রাউজান, জে.এল. নম্বর-৩৫, থানা/উপজেলা : রাউজান, জেলা : চট্টগ্রাম।

| বি.এস খতিয়ান নম্বর | জমির শ্রেণী | বি.এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৩৫৮৬, নামজারী খতিয়ান নং-৩৯৫৩ | টিলা | ৪৭৯৬ | ০.৭৫০০ |
| ঐ | টিলা | ৪৮৪৮ | ০.১৯০০ |
| ১৯৮০ | নাল | ৪৮৪৯ | ০.০৬০০ |
| ১৯৮০ | নাল | ৪৮৫০ | ০.২৪০০ |
| ১৯৮০ | নাল | ৪৮৫২ | ০.২৭০০ |
| ১৯৮০ | নাল | ৪৮৫৩ | ০.০১০০ |
| ১৯৮০ | টিলা | ৪৮৫৪ | ০.১৯০০ |
| ৩৭১৯, নামজারী খতিয়ান নং-৪০০০ | নাল | ৪৯০৮ | ০.২০০০ |
| ২৯২৬ | নাল | ৪৯১০ | ০.১৬০০ |
| ১৫৯৯ | নাল | ৪৯১২ | ০.০৬০০ |
| ২৯২৬ | নাল | ৪৯১৩ | ০.২৪০০ |
| ৮৭ | নাল | ৪৯১৪ | ০.২০০০ |
| ৫৮২, নামজারী খতিয়ান নং-৪০৩৩ | নাল | ৪৯১৫ | ০.১৯০০ |
| ২৫০২ | নাল | ৪৯৬২ | ০.১০০০ |
| ছুট | নাল | ৪৯৬৩ | ০.০০৫০ |
| ৩৪৫, নামজারী খতিয়ান নং-৪৮১৯ | নাল | ৪৯৬৪ | ০.০১০০ |
| ঐ | টিলা | ৫০০০ | ০.০২০০ |
| সর্বমোট ভূমির পরিমাণ : ২.৮৯৫০ একর | | | |

বর্ণিত মৌজায় মোট ভূমির পরিমাণ ২.৮৯৫০ একর। অধিগ্রহণকৃত ভূমির দাগসূচী ও এলাইনমেন্ট নক্সা ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এ রক্ষিত আছে।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
জেলা প্রশাসক।

---

(এস, এ শাখা)

বিজ্ঞপ্তি

তারিখ : ২৮ আগস্ট ২০১৭

নং ০৫.৪২.১৫০০.৩০২.০৩.০২৪.১৭-১৯০২—এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, হাজী ক্যাম্প, পাহাড়তলী, চট্টগ্রাম হতে সরবরাহকৃত আর. আর বই এর সিরিজ নম্বর-C 0313618 নং ক্রমিকের মূল কপি বই বাইন্ডিংয়ের ভিতরে এবং C 0313642 হতে C 0313645 নং ক্রমিকের মূল কপি ও কার্বন কপিগুলো এলোমেলো বাইন্ডিং হওয়ায় এতদ্‌সঙ্গে বাতিল করা হলো। বাতিলকৃত কপি দিয়ে কোন প্রকার সরকারি অর্থ লেন-দেন করা হলে তা বেআইনী বলে গণ্য হবে এবং ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
জেলা প্রশাসক।

---

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

(ভূমি অধিগ্রহণ শাখা)

ভূমি অধিগ্রহণ মামলা নং ০৫/২০১৬-২০১৭

ফরম চ

(৬নং বিধি দ্রষ্টব্য)

বিজ্ঞপ্তি

[১২(২) ধারা মোতাবেক ]

যেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর অধীনে নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের ক্ষেত্রে ০৫/২০১৬-২০১৭ নং অধিগ্রহণ মামলার কার্যধারা ২২-০৫-২০১৬ খ্রিঃ তারিখে শুরু করা হইয়াছিল, অথচ ইহার জন্য এখন পর্যন্ত কোন ক্ষতিপূরণ প্রদান করা হয় নাই।

সেহেতু, এক্ষণে, উপরিউক্ত অধ্যাদেশের ১২ ধারার (২) উপধারা মোতাবেক বর্ণিত ক্ষমতাবলে আমি সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিয়া উক্ত সম্পত্তি অধিগ্রহণ সম্পর্কিত সমুদয় কার্যধারা প্রত্যাহার/রদ করিলাম।